

ACCL

সিদ্ধি বোর্ড  
ইনস্পেক্টর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর  
জুডিসিয়াল মুন্সিখানা শাখা  
www.jamalpur.gov.bd

Web portal  
সংক্রান্ত  
APR 2023

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

শেখ জাহিদ হাসান সিদ্দিক  
উপজেলা নির্বাহী অফিসার  
নেত্রকোণা, জামালপুর

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.১৫.০৯.০০২.২৩-১৩৯২

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। জামালপুর জেলার ০৫ (পাঁচ) টি সংসদীয় আসনের নির্বাচন অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে সম্পন্ন করার স্বার্থে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয় এর স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৮৩১, তারিখ: ২৪ ডিসেম্বর ২০২৩ জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুষঙ্গ ৫ অনুযায়ী জামালপুর জেলার ০৫ (পাঁচ) টি সংসদীয় আসনের নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:-

লঞ্চ, ইঞ্জিন বোট (নির্দিষ্ট ব্লটে চলাচলকারী ব্যতীত) ইত্যাদি

২. উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/ভোটারের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট এরূপ নিষেধাজ্ঞা শিথিল থাকবে। সে সাথে ভোটের ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

শেখ জাহিদ হাসান সিদ্দিক

মোঃ শফিউর রহমান  
জেলা ম্যাজিস্ট্রেট  
জামালপুর

ফোন: ০২-৯৯৭৭২১২৩

ই-মেইল: dcjamalpur@mopa.gov.bd

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.১৫.০৯.০০২.২৩-১৩৯২

অনুলিপি সদয় অবগতি জন্য/সদয় কার্যার্থে/অবগতি জন্য/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
- ৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৫। উপ-মহাপুলিশ পরিদর্শক, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ